জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইদানিং কিছু অসাধু ও প্রতারক চক্র নিজেদের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তাদের অতি ঘনিষ্ট পরিচয় দিয়ে বিভিন্ন ব্যক্তির সঙ্গে প্রতারণার চেষ্টা করছে। প্রতারক চক্রের সদস্যরা মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ে বিশেষ যোগাযোগ ও প্রভাব রয়েছে বলে দাবি করে মোবাইল ফোনে কাঙ্ক্ষিত পদোন্নতি, বদলি, পদায়নসহ বিভিন্ন সরকারি সুযোগ-সুবিধা পাইয়ে দেওয়ার প্রলোভন দেখিয়ে অর্থ দাবি করছে।

এ ধরনের কোনো সন্দেহজনক ফোন কল বা অফার পেলে বিভ্রান্ত না হয়ে প্রতারক চক্রের পরিচয়, ফোন নম্বর, কথোপকথন ও অন্যান্য তথ্য সংরক্ষণ করে তাৎক্ষণিকভাবে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরি (জিডি) করুন এবং বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করুন।

সরকারি পদোন্নতি, বদলি, পদায়ন বা অন্য কোনো প্রশাসনিক কার্যক্রম নির্ধারিত বিধিবিধান ও দাপ্তরিক প্রক্রিয়া অনুসরণ করেই সম্পন্ন হয়। এ ক্ষেত্রে কোনো ব্যক্তিগত যোগাযোগ বা আর্থিক লেনদেনের সুযোগ নেই।

কোনো ব্যক্তি এ ধরনের প্রস্তাব বা আর্থিক সুবিধা দাবি করলে তাতে প্রলুব্ধ হবেন না এবং কোনো ধরনের আর্থিক লেনদেন করবেন না।প্রতারক চক্রের এহেন প্রলোভনে পড়ে কেউ কোনো ধরনের আর্থিক লেনদেন বা প্রতারণার শিকার হলে তার দায়ভার সম্পূর্ণ সংশ্লিষ্ট ব্যক্তিকেই বহন করতে হবে; এতে মন্ত্রণালয় কোনোভাবেই দায়দায়িত্ব গ্রহণ করবে না।

সকলকে এ ধরনের প্রতারক চক্র সম্পর্কে সতর্ক ও সচেতন থাকার এবং প্রয়োজনে অন্যদেরও সতর্ক করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সচেতন থাকুন, প্রতারক থেকে দূরে থাকুন।